

## শিক্ষকদের অবস্থান ধর্মঘট

ইত্তেফাক রিপোর্ট ৥ ১৫ দফা  
দাবী আদায়ের লক্ষ্যে বাংলাদেশ  
শিক্ষক সমিতি ফেডারেশনের  
আহ্বানে সরকারী বেসরকারি স্কুল  
ও কলেজের শিক্ষকবৃন্দ গতকাল  
(১০ম পৃ: ১-এর ক: স্র:)

### শিক্ষকদের অবস্থান ধর্মঘট

(১ম পৃ: পর)

সচিবালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘট  
পালন করে। এই সময় ফেডা-  
রেশনের মহানগরী শাখার উদ্যোগে  
এক সমাবেশ অনুষ্ঠিত হয়। অধ্যক্ষ  
বদি-উজ্জামানের সভাপতিত্বে অনু-  
ষ্ঠিত এই সমাবেশে ফেডারেশনের  
সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল এ,  
কে, এম শহীদুল্লাহ, প্রফেসর কাজী  
ফারুক আহমদ, এ, বি, এম জনাব  
আলী, শহিদুর রহমান, আজিজুল  
হক শাহ, এ, কে, এম জহিরুল  
ইসলাম প্রমুখ বক্তৃতা করেন।  
সমাবেশে ৪টা জাণুয়ারী ঢাকায়  
অনুষ্ঠিতব্য মহাসমাবেশ সফল করার  
আহ্বান জানান হয়।

### শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী

ফেডারেশন

৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে  
পূর্ব ঘোষিত কর্মসূচীর আওতায়  
ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠান-  
সমূহের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্ম-  
চারীবৃন্দ গতকাল শিক্ষা ভবনের  
সম্মুখে অবস্থান ধর্মঘট পালন করে।  
এই সময় ফেডারেশনের এক সভা  
অনুষ্ঠিত হয়। প্রফেসর আসাদুল  
হক, এম, এ খলিল, আবুল কালাম  
আজাদ, রফিকুল ইসলাম মন্টু  
সভায় বক্তৃতা করেন। সভার  
সিদ্ধান্ত অনুযায়ী ২১শে ডিসেম্বর  
হইতে ১লা জানুয়ারী পর্যন্ত প্রতি-  
দিন ৩ ঘন্টা করিয়া সারাদেশের  
শিক্ষা প্রতিষ্ঠানে কর্মবিরতি পাল-  
নের জন্য কর্মচারীদের প্রতি আহ-  
বান জানান হয়।

চাঁপাইনবাবগঞ্জ সংবাদদাতার  
ফোন : শিক্ষক সমিতি ফেডারে-  
শনের পক্ষ হইতে গতকাল (বৃহ-  
স্পতিবার) পাঁচ শতাধিক শিক্ষক/  
শিক্ষিকা শহরে একটি মিছিল  
বাহির করে। পরে তাহারা তাহা-  
দের ১৫ দফা দাবীসম্বলিত একটি  
স্মারকলিপি জেলা প্রশাসককে  
প্রদান করে ও তাহার দপ্তরের  
সম্মুখে অর্ধবেলা অবস্থান ধর্মঘট  
করে।